

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী,  
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ০৪ অগাস্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার  
কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	০৪ অগাস্ট ২০১৯
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	জাতীয় আরকাইভস পরিচালকের কক্ষ ১) জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ২) জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৩) জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৪) জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব
উপস্থিতি	

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে জানান যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী ১ দিনের কর্মশালার আয়োজন করা যেতে পারে। উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা আহ্বান করা যেতে পারে। জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন বলেন জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদি ডটাএন্ট্রির সময় বিষয়ভিত্তিক ১০ টি কালার ট্যাগ ব্যবহার করা যেতে পারে। তিনি আরও বলেন জাতীয় গ্রন্থাগারে আগত পাঠক/গবেষক/সেবাপ্রত্যাশীগণের জন্য একটি কফি কর্নার স্থাপন করা যেতে পারে। জনাব মোঃ জামাল উদ্দিন বলেন আগামী ৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ১ দিনের ইনোভেশন কর্মশালার আয়োজন করা যেতে পারে। সকল সেবার ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এসকল বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

- ১) আগামী ৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ১ দিনের ইনোভেশন কর্মশালার আয়োজন করতে হবে।
- ২) জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদি ডটাএন্ট্রির সময় বিষয়ভিত্তিক ১০ টি কালার ট্যাগ ব্যবহার বাস্তবায়ন করার বিস্তারিত আগামী ইনোভেশন সভায় উপস্থাপন করবেন জনাব মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার।
- ৩) জাতীয় গ্রন্থাগারে আগত পাঠক/গবেষক/সেবাপ্রত্যাশীগণের জন্য একটি কফি কর্নার স্থাপনের জন্য সম্ভাব্যতা যাচাই করে আগামী ইনোভেশন সভায় উপস্থাপন করবেন মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.)।
- ৪) উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা আহ্বান করবেন জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার।
- ৫) কোন সুনির্দিষ্ট তথ্যসেবা, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদানের প্রসেস ম্যাপ তৈরি করবেন জনাব মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার ও মোবাইল মোবাইল ব্যাংকিং সম্পর্কিত তথ্য সংগ্রহ করবেন জনাব মোঃ

## ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সুজায়েত উল্যা  
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.৪৯

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, বাঁধাই ও মেরামত শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর



মোঃ হারিছ সরকার  
প্রোগ্রামার